



বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ পড়ার জন্য
অনুরোধ করা হলো।

ঢাকা বিশ্ববিদ্যালয় অতি জরুরী বিজ্ঞপ্তি

মাননীয় উপাচার্যের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম ও ২য় বর্ষ আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের বৃত্তির আওতায় আনার উদ্যোগ নেওয়া হয়েছে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত প্রতিটি শিক্ষার্থীর প্রাপ্ত বৃত্তির অর্থ যেন শিক্ষার্থীর নিজস্ব ব্যাংক একাউন্টে দ্রুততম সময়ে জমা হয় সেই লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন কাজ করছে। এটি সফলভাবে সম্পন্ন করতে কোন শিক্ষার্থী কোন কোন বৃত্তি প্রাপ্ত হন সেটি জানা আবশ্যিক। এই তথ্য সংগ্রহের উদ্দেশ্যে প্রতিটি শিক্ষার্থীর ড্যাশবোর্ডের বা-দিকের মেন্যুতে Scholarship Info. নামে একটি নতুন লিংক প্রদান করা হয়েছে। ১ম ও ২য় বর্ষ আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীরা আবশ্যিকভাবে তাদের ড্যাশবোর্ডে (<https://ssl.du.ac.bd/studentlogin>) লগ-ইন করে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ এবং বিশ্ববিদ্যালয়ের বাইরে থেকে যে যে বৃত্তি প্রাপ্ত হন তার তথ্য আগামী ২৮ ডিসেম্বর, ২০২৩ এর মধ্যে প্রদান করার জন্য বলা হচ্ছে। উল্লেখ্য, যেসকল শিক্ষার্থী কোনো প্রকার বৃত্তি পাননা তাদেরকেও ড্যাশবোর্ডে লগ-ইন করে তথ্য দেয়ার জন্য বলা হচ্ছে।

এমতাবস্থায়, বিজ্ঞপ্তিটি শিক্ষার্থীদের মাঝে বহুল প্রচারের জন্য হল প্রভোস্ট/ বিভাগীয় চেয়ারম্যান/ ইনস্টিটিউটের পরিচালক মহোদয়কে অনুরোধ করা হলো।

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৮(ক)/ ৪৬৪৬৬ - সি

স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়
তারিখ: ২/১২/২০২৩
২৪/১২/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

Notice Board,
Website,
Class representatives

অধ্যাপক ড. জাকির আহমেদ খান
চেয়ারম্যান
পরিপন্থান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়